The Bangladesh Monitor - A Premier Travel Publication

# কেনিয়ায় ১২ আরোহীসহ উড়োজাহাজ বিধ্বস্ত

- A Monitor Desk Report | Date: 28 October, 2025



**ঢাকাঃ কেনিয়ায় ১২ জন আরোহী নিয়ে একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়েছে। কেনিয়া সিভিল এভিয়েশন অথরিটি (কেসিএএ) বিষয়টি নিশ্চিত করেছে।**

কেসিএএ জানায়, মঙ্গলবার (২৮ অক্টোবর)ভোরে দিয়ানি থেকে কিচওয়া টেম্বো যাওয়ার পথে ৫ওয়াই-সিসিএ নামে নিবন্ধিত উড়োজাহাজটি বিধ্বস্ত হয়।

বিবৃতিতে কেসিএএ আরও জানায়, উড়োজাহাজটি যখন বিধ্বস্ত হয়, তখন তাতে ১২ জন আরোহী ছিলেন। দুর্ঘটনার কারণ নির্ধারণ এবং পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য সরকারি সংস্থাগুলোকে কোয়ালে কাউন্টির দুর্ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

প্রতিবেদন অনুসারে, উড়োজাহাজে থাকা ১২ জনের কাউকে রিপোর্ট লেখা পর্যন্ত উদ্ধার করা যায়নি। দিয়ানি থেকে যাত্রা শুরু করার পর সকাল ৮টার দিকে উড়োজাহাজটি বিধ্বস্ত হয়। এলাকায় প্রবল বৃষ্টিপাতের কারণে উদ্ধার অভিযান ব্যাহত হচ্ছে।

-B